

মডেল অ্যাক্টিভিটি টাস্ক — ২০২১

স্বাস্থ্য ও শারীরশিক্ষা

পঞ্চম শ্রেণি

স্বাস্থ্যবিধান — ডায়ারিয়া ও মাম্পস

১। বহুর মধ্যে সঠিক উত্তরটি খুঁজে নিয়ে শূন্যস্থানটি পূরণ করো :

১ × ৮ = ৮

(ক) ডায়ারিয়া  
শরীরেতে যদি জলাভাব হয়,  
চোখ বসে যায় তার,  
পেটটা খারাপ, সাথে পায়খানা  
যদি হয় \_\_\_\_\_  
(১) একবার (২) বারবার

(খ) ডায়ারিয়া  
বুঝতেই হবে ডায়ারিয়া রোগ  
এবার ধরেছে তাকে,  
দেহকোশে \_\_\_\_\_ কমে গেছে তাই  
ক্লান্ত যে হয়ে থাকে।  
(১) মল (২) জল

(গ) ডায়ারিয়া  
\_\_\_\_\_ অভাব পূরণ করাই  
এ রোগের মূল কথা,  
তাই বলে জল উলটোপালটা  
খাবে না তো যথাতথ্য।  
(১) জলের (২) ভিটামিনের

(ঘ) ডায়ারিয়া  
ORS গুলে বিশুদ্ধ জল  
করবেই ব্যবহার,  
পিপাসা পেলেই এক \_\_\_\_\_ করে  
জল খাওয়া দরকার।  
(১) গ্লাস (২) বোতল

(ঙ) ডায়ারিয়া  
খাবার তৈরি যিনি করবেন  
যেন \_\_\_\_\_ নেন হাত,  
পরিচ্ছন্নতা বড়োই জরুরি  
কিবা দিন কিবা রাত।  
(১) মুছে (২) ধুয়ে

(চ) ডায়ারিয়া  
\_\_\_\_\_ খেয়ে উপশম হলে  
নেই কোনো চিন্তার,  
নয়তো স্বাস্থ্য কেন্দ্রে তাকে  
নিয়ে যাওয়া দরকার।  
(১) OSR (২) ORS

(ছ) মাম্পস  
\_\_\_\_\_ এটি এক রোগ  
শিশুদের হয়ে থাকে,  
বড়োদেরও ওই রোগ হতে পারে  
হঠাৎ যে কোনো ফাঁকে!  
(১) সংক্রামক (২) অসংক্রামক

(জ) মাম্পস  
শরীর গরম, কান মাথা ব্যথা  
বমি বমি ভাব হয়,  
\_\_\_\_\_ দিকটা ফুলে ফেঁপে ওঠে  
মাম্পস তা নিশ্চয়।  
(১) মুখের (২) কাঁধের

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) মাম্পস রোগের উপসর্গগুলি নিজের ভাষায় লেখো।

৫

(খ) টিকা লেখো : প্রতিষেধক টিকা

২

ছাত্রছাত্রীদেরকে বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এ প্রশ্নগুলোর উত্তর লিখে বিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশমতো অভিভাবকদের মাধ্যমে শিক্ষকদের কাছে জমা দিতে হবে। কোনো অবস্থাতেই শিক্ষার্থীরা বিদ্যালয়ে জমা দিতে আসবে না।